চিলড্রেন্স সেন্টারস্ (বাচ্চাদের কেন্দ্র) (Children’s Centres): প্রায়ই যেসব প্রশ্ন জিজ্ঞাসা করা হয়

চিলড্রেন্স সেন্টারস্ বলতে কি বোঝায় এবং এগুলি কেন তৈরী করা হচ্ছে?

চিলড্রেন্স সেন্টার হল জায়গা বা পরিষেবা যেটা বাচ্চাদের, অল্পবয়সী ছেলেমেয়েদের এবং তাদের পরিবারদের শিশু পরিষেবা, স্বাস্থ্য, পরিবার এবং সহায়তা পরিষেবা দেয়। কিভাবে এই পরিষেবা দেওয়া হবে তা বিভিন্ন জায়গার ভিত্তিতে বিভিন্ন রকম হবে। পরিষেবা কোনো চিলড্রেন্স সেন্টার বিলডিং থেকে দেওয়া হবে বা অন্যান্য ক্ষেত্রে কমিউনিটি স্থান অর্থাত্ বারোয়ারী স্থান থেকে দেওয়া হবে যেমন স্থানীয় গ্রন্থাগার, স্বাস্থ্য কেন্দ্র বা গ্রামের হল।

এভরি চাইল্ড ম্যাটারস্ অর্থাত্ প্রত্যেকটি বাচ্চার কথাই ভাবতে হবে (Every Child Matters) –এর সূচনা সমস্ত বাচ্চাদের জন্য পরিষেবার ফলপ্রসূতার উন্নতি সাধনের যে চেষ্টা তার অঙ্গ হিসাবে বাচ্চাদের জন্য ছোট বয়সে সম্মিলিত পরিষেবাদানের ধারণাকে রূপায়ণ করেছে। শিওর স্টার্ট লোক্যাল প্রোগ্রামের (Sure Start Local Programmes) ধ্যানধারণা ও রীতিনীতি–র ওপর ভিত্তি করেই চিলড্রেন্স সেন্টারগুলিকে তৈরী করা হয়েছে, যেগুলি দেশের সবচেয়ে দরিদ্র স্থানগুলিতে প্রতিষ্ঠিত হয়েছিল; এখন চিলড্রেন্স সেন্টার এই কার্যক্রমের স্থান নিয়েছে।

উচ্চমান সম্পন্ন, সকলের জন্য, এবং সকলের কাছে পৌছে দেবার পরিষেবাদানই সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ যার সাথে সবসময় স্থানীয় সম্প্রদায়ের প্রয়োজনগুলিও বিবেচনাধীন থাকবে। পরিষেবা প্রদানে বাবা মায়ের অংশগ্রহণ ও প্রভাব সবচেয়ে গুরুত্বপূর্ণ।

চিলড্রেন্স সেন্টার কার্যক্রমের লক্ষ্য কি?

প্রধান লক্ষ্য হল শীঘ্র মধ্যস্থতা ও নিবারণমূলক কাজের ওপর জোর দেওয়া সহ নিশ্ছিদ্র পরিষেবার মাধ্যমে সমস্ত বাচ্চাদের জন্য কাজের পরিণামের উন্নতিসাধন যার মনোযোগ হবে স্বাস্থ্য, শিক্ষা এবং সহায়তাদানের বিষয়ের উপর। এটা করা হবে উচ্চগুণমান সম্পন্ন পরিষেবা দিয়ে যেটা বাচ্চা, তাদের বাবা মা ও বৃহত্তর সমাজের ওপর এক বিস্তৃত ও স্থায়ী প্রভাব বিস্তার করবে।

চিলড্রেন সেন্টারগুলি এইসব ক্ষেত্রে অবদান রাখবে :

- প্রত্যেক বাচ্চার জন্য জীবনে আরও ভালো সূচনা
- বাবা মায়ের জন্য আরও ভালো সুযোগ সুবিধা দান
- আরও শক্তিশালী এবং নিরাপদ সম্প্রদায় গঠন

এটা নতুন কোনো ধ্যানধারণা নয় এবং চিলড্রেন্স সেন্টারের উদ্দেশ্য একেবার নতুন করে শুরু করার চেয়ে বর্তমানের সুরীতির কাঠামোর ওপর গড়ে ওঠা। বেশ অনেক সংখ্যক পরিবারের অল্পবয়সী ছেলেমেয়ে আছে তারা ইতোমধ্যেই স্থানীয় পরিষেবা থেকে উপকার পাচ্ছে, চিলড্রেন্স সেন্টারগুলি এই পরিষেবাকে আরও সম্প্রসারিত করে আরও বেশিসংখ্যক পরিবারকে লাভবান করবে, যেখানে সবচেয়ে বেশি দরকার সেই সমস্ত এলাকায় পরিষেবাদানে একটি যুগ্ম কর্মমুখীনতার সৃষ্টি করে।

চিলড্রেন্স সেন্টারগুলি কোথায় হবে এবং কতজন বাচ্চা উপকৃত হবে?

2011 সালের মধ্যে কেন্টের প্রত্যেকটি পাড়ায় এই চিলড্রেন্স সেন্টার পরিষেবা পাওয়া যাবে এবং 0-5 বছর বয়সী 81,600 বাচ্চা এই চিলড্রেন্স সেন্টার থেকে উপকৃত হবে।

চিলড্রেন্স সেন্টারে কি পরিষেবা পাওয়া যাবে?

প্রত্যেকটি চিলড্রেন্স সেন্টার স্থানীয় সম্প্রদায়ের প্রয়োজনগুলির দিকে দৃষ্টি দেবে সুতরাং পরিষেবা নানা ধরণের হবে কিন্তু এতে অন্তর্ভুক্ত থাকবে :

- পরিবারের এবং বাবা মায়ের জন্য সহায়তা এবং যাদের ইংরেজী একটি অতিরিক্ত ভাষা সেই বাবা মা সহ বাবা মায়ের জন্য আউটরীচ
- বাবা মা ও বাচ্চাদের জন্য ড্রপ-ইন সেশন
- ছোটবয়সে শিক্ষা, শিশু পরিচর্যার পছন্দের ক্ষেত্রে জ্ঞাতব্য তথ্য যার মধ্যে বাচ্চার দেখাশুনো এবং বাচ্চাদের স্কুল শুরু করার বিষয়টি আছে।
- বাচ্চা হবার পূর্ববর্তী সময় ক্লাস এবং শিশু ক্লিনিক
- বাবা মায়ের জন্য বাচ্চা মানুষ করার বিষয়ে, বাচ্চা ও পরিবারের জন্য স্বাস্থ্য পরিষেবার বিষয়ে তথ্য যেমন শিশুকে স্তন্যদান এবং কথা বলা ও ভাষা
- যেসব বাবা মায়েরা / সেবকরা ট্রেনিং বা পেরেন্টিং সাপোর্ট সেশনে উপস্থিত থাকছেন তাদের জন্য ক্রেশ সুবিধা
- যেসব বাবা মায়েরা আবার শিক্ষালাভে, প্রশিক্ষণ লাভে বা নতুন চাকরি খুঁজতে চান তাদের জন্য প্রেরণা ও সহায়তাদান
- যে সব বাচ্চাদের বিকলাঙ্গতা আছে বা যাদের অতিরিক্ত কোনো প্রয়োজন আছে তাদের জন্য পরিষেবা
- স্বেচ্ছাসেবী এজেন্সির সঙ্গে এবং কমিউনিটি গ্রুপের সঙ্গে যোগাযোগ
- স্থানীয় স্কুলগুলির সঙ্গে যোগাযোগ

কেন্ট চিলড্রেন্স ট্রাস্ট কি (Kent Children’s Trust)?

কেন্ট চিলড্রেন্স ট্রাস্ট [Kent Children’s Trust (KCT)] সমাজসেবা, স্বাস্থ্য, পুলিশ, শিক্ষা ও অন্যান্য পরিষেবাগুলিকে এক সঙ্গে যুক্ত করে যাতে জন্ম থেকে 19 বছর বয়স পর্যন্ত বাচ্চা ও অল্পবয়সী ছেলে মেয়েদের স্বাস্থ্য এবং জীবনরক্ষার উন্নতিসাধন করা যায়।

চিলড্রেন্স সেন্টার কার্যক্রম কাজে পরিণত করার দায়িত্ব কার?

কেন্টের 23 টি লোক্যাল চিলড্রেন্স সার্ভিস পার্টনারশিপ [Local Children’s Service Partnerships (LCSPs)] আছে যেগুলি KCT-র স্থানীয় “আর্ম বা সহায়ক”। অন্যান্য অনেক কিছুর মধ্যে প্রত্যেকটি LCSP -র দায়িত্ব হচ্ছে চিলড্রেন্স সেন্টার এজেন্ডাকে কাজে প্রয়োগ করা। প্রত্যেকটি সেন্টার একটি লোক্যাল আডভাইজরি বোর্ডের অধীনে কাজ করবে যেটি আবার LCSP -র কাছে দায়বদ্ধ থাকবে; এই বোর্ডগুলিতে স্বেচ্ছাসেবী ও সংবিধান সম্মতভাবে প্রস্তুত সেক্টর থেকে প্রতিনিধিরা এবং স্থানীয় কমিউনিটি থেকে বাবা মায়েরা থাকবে।

সেন্টারগুলি কিভাবে পরিচালিত হবে, কিভাবে এর ব্যবস্থাপনা করা হবে বিশেষ করে যদি এগুলি কোনো স্কুল সাইটে অবস্থিত হয়?

সেন্টারের প্রাত্যহিক সমন্বয়সাধনের দায়িত্বে থাকবেন চিলড্রেন্স সেন্টার ম্যানেজার (Children’s Centre Manager) যাকে নিয়োগ করেন সাধারণত কেন্ট কাউন্সিল। প্রত্যেকটি সেন্টারে একটি করে লোক্যাল আডভাইজরি বোর্ড থাকবে যাতে থাকবেন একজন প্রধান শিক্ষক বা স্কুল গভর্নর;

এর জন্য যে ব্যবস্থা তা প্রত্যেকটি LSCP-র ক্ষেত্রে ভিন্ন হবে। চিলড্রেন সেন্টার পরিচালন ব্যবস্থা সাধারণত স্কুল পরিচালন সংস্থার সাথে যুক্ত থাকবে না।

সমস্ত বাবা মায়েরারই কি এই পরিষেবা পাবেন বা তাদের কোনো একটা নির্দিষ্ট এলাকায় থাকতে হবে?

যেসব বাবা মায়েদের সন্তানদের বয়স স্কুলের বাচ্চাদের বয়সের কম সেই সব পরিবার চিলড্রেন্স সেন্টার পরিষেবা পাবে। পরিবাররা সাধারণত তাদের সবচেয়ে কাছের সেন্টারে যায় কিন্তু তারা সেইসব সেন্টারেও যেতে পারবে যেখানে তাদের প্রয়োজন সবচেয়ে ভালোভাবে পূরণ করা হবে। চিলড্রেন সেন্টার কার্যক্রমের অন্তিম পর্যায়ে সুনিশ্চিত করা হবে যে সমস্ত পরিবার যাদের 5 বছর বয়সের কমবয়সী সন্তান আছে তারা যেন 2011সালের মধ্যে পরিষেবা পায়।

সামাজিক পরিষেবাগুলি কি চিলড্রেন্স সেন্টার পরিচালনা করে?

চিলড্রেন্স সেন্টার যে পরিষেবা দেয় তা তারা দেবে নানা ধরণের এজেন্সির মাধ্যমে, যারা স্থানীয় কমিউনিটিতে পরিষেবা দেয়।

কিছু কিছু ক্রিয়াকলাপের ব্যবস্থা করবে সামাজিক পরিষেবা কিন্তু চিলড্রেন্স সেন্টার এই সব এজেন্সির, যারা পরিষেবা দিচ্ছে তাদের কোনোটিরও দ্বারা পরিচালিত নয়।

গ্রামাঞ্চলে কিভাবে চিলড্রেন্স সেন্টার সহায়তা প্রস্তুত করা যাবে?

কিভাবে চিলড্রেন্স সেন্টার সার্ভিস গ্রামাঞ্চলে পরিষেবা দেবে তা নির্ভর করবে তাদের অবস্থানের ওপর। এটা একটা চিলড্রেন্স সেন্টার হতে পারে যেটা স্বাস্থ্য ও অন্যান্য পরিষেবাদানের ব্যস্ত কেন্দ্রস্থল হবে, যেটা তাদের সাধ্যমত এলাকায় বা কমিউনিটি স্থান ব্যবহার করে পরিষেবা পৌঁছে দেবে।

চিলড্রেন্স সেন্টার প্রস্তুত করতে কোন কোন এজেন্সি প্রধান অংশ নিয়েছে?

প্রধান অংশীদাররা স্থানীয় প্রাইমারী কেয়ার ট্রাস্টের [Primary Care Trust (PCT)] সঙ্গে যুক্ত এবং এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে স্বাস্থ্য পরিদর্শক, ধাত্রী, বচন ও ভাষা থেরাপিস্ট এবং স্কুল নার্স । স্বেচ্ছাসেবী সেক্টরের সঙ্গেও যোগাযোগ থাকবে যেমন হোম স্টার্ট (Home Start) ও কমিউনিটি ভল্যান্টারি সার্ভিসেস [Community Voluntary Services (CVS)] এর মত সংস্থা, ন্যাশনাল চাইল্ডমাইন্ডিং এসোসিয়েশন (National Childminding Association) এবং জব সেন্টার প্লাস (Jobcentre Plus)।

চিলড্রেন্স সেন্টার কর্মীবৃন্দরা কি গুণগতভাবে যোগ্য?

সমস্ত চিলড্রেন্স সেন্টার কর্মীবৃন্দ, যার মধ্যে আছে নার্সারী কর্মীবৃন্দ, উপযুক্তভাবে যোগ্য এবং এনহাসড় ক্রিমিন্যাল রেকর্ড ব্যুরো তাদের পরীক্ষাও [Enhanced Criminal Records Bureau (CRB)] করেছেন।

চাইল্ডমাইন্ডাররা কিভাবে যুক্ত আছেন?

সমস্ত চিলড্রেন্স সেন্টার পরিষেবাগুলি এলাকার মধ্যে চাইল্ডমাইন্ডারদের অবশ্যই সহায়তা দেবে, যেমন প্রশিক্ষণের সুযোগসুবিধায় তাদের ভাগ নিতে দেবে, তাদের জন্য ড্রপ-ইন সেশনের ব্যবস্থা করবে এবং খেলনা ও অন্যান্য উপকরণ ধার দেবে।

চিলড্রেন্স সেন্টারের সঙ্গে কিভাবে এক্সটেনডেড স্কুলস্ সার্ভিসেস অর্থাত্ প্রসারিত স্কুল পরিষেবা যুক্ত আছে?

প্রসারিত স্কুল পরিষেবা (এক্সটেনডেড স্কুল সার্ভিসেস) এবং চিলড্রেন্স সেন্টারের একই ধরণের (কাজের) আবশ্যকতা আছে যেমন বাবা মায়েদের সহায়তা দেওয়া সুতরাং এক সঙ্গে পরিষেবাদানের এবং কিছু কিছু পরিষেবা প্রস্তুতির সুযোগ আছে যা একে অন্যের পরিপূরক হিসাবে কাজ করে। এক্সটেনডেড স্কুল কো-অর্ডিনেটরস্ (Extended Schools Co-ordinators) এবং চিলড্রেন্স সেন্টার ম্যানেজার এই সব সুযোগসুবিধা সর্বাধিক করার জন্য একযোগে কাজ করবেন।

কেন্ট চিলড্রেন্স ফ্যামিলিস ইনফরমেশন সার্ভিস (Kent Children & Families Information Service) বলতে কি বোঝায়?

কেন্ট চিলড্রেন এন্ড ফ্যামিলিজ ইনফরমেশন সার্ভিস [Kent Children & Families Information Service (CFIS)] বিনামূল্যে বাবা মা/সেবকদের শিশুপরিচর্যা, বাবা মায়ের কর্তব্য এবং অন্যান্য আনুষঙ্গিক পরিষেবার বিষয়ে পরামর্শ ও দিশানির্দেশ দেয়। দলের সদস্যরা নিয়মিতভাবে চিলড্রেন্স সেন্টার পরিদর্শন করে সুতরাং বাবা মা/সেবকরা আসতে পারেন বা আপয়েন্টমেন্ট নিয়ে আসতে পারেন যাতে তাদের ব্যক্তিগত প্রয়োজনগুলি নিয়ে আলোচনা করা যায়।

চিলড্রেন্স সেন্টারগুলি কিভাবে বাবা মায়েদের আবার কাজে ফিরে যেতে বা প্রশিক্ষণ নিতে সাহায্য করে?

চিলড্রেন্স সেন্টারগুলি Jobcentre Plus -এর সঙ্গে যুক্ত থাকে যাতে বাবা মা /সেবকদের যারা আবার কাজে ফিরে যেতে চায় বা প্রশিক্ষণ নিতে চায় তাদের সাহায্য করতে পারে, এতে সেই সব পরিবারের সুবিধা হবে যাদের প্রাপ্তবয়স্করা কর্মে নিযুক্ত নয় সেজন্য নিজেদের প্রয়োজন মেটাতে অসমর্থ। কিছু কিছু সেন্টারে Jobcentre Plus পুনঃ পর্য্যালোচনা ইন্টারভিউ নিতে পারে এবং বাবা মায়েদের ড্রপ-ইন সেশনে পরামর্শ দিতে পারে। স্থানীয় চাকরি এবং শিশুপরিচর্যা পছন্দের ব্যাপারেও জ্ঞাতব্য তথ্য দেওয়া হবে।

সেন্টারগুলি আডাল্ট এডুকেশন (Adult Education), সিটিজেন্স আডভাইস ব্যুরো (Citizens Advice Bureaus) এবং ক্রেডিট ইউনিয়নের (Credit Unions) সঙ্গে যোগাযোগের সৃষ্টি করে বাবা মা ও সেবকদের সুবিধা, ঋণসংক্রান্ত পরামর্শ ও অন্যান্য আর্থিক বিষয়ে জ্ঞাতব্য তথ্য দিয়ে তাদের আরও সহায়তা দিতে পারে।

কেন্ট চিলড্রেন্স সেন্টার সম্বন্ধে জ্ঞাতব্য তথ্যের জন্যে অনুগ্রহ করে যোগাযোগ করুন :

কেন্ট চিলড্রেন এন্ড ফ্যামিলিজ ইনফরমেশন সার্ভিসের (Kent Children & Families Information Service) এই 08000 32 32 30 নম্বরে

ই-মেইল : childrenscentres@kent.gov.uk

ওয়েবসাইট : www.kent.gov.uk/childrenscentres
এবং
www.kentchildrenscentres.org.uk

মুদ্রণের সময় পর্যন্ত এই তথ্যপত্রে দেওয়া তথ্যাবলী নির্ভুল ও সঠিক ছিল।

রেফারেন্স : cc/03/09/b